দৈনিক বাংলা

তারিখ ..23. JAN.1991 ..
পৃষ্ঠা... ..৭...কলাম...৬ ...

৮

৫৩

## ময়মনসিংহে বিনামূল্যের পোনে ৬ লাখ সেট বই বরাদ্দ

।। নিজস্ব সংবাদদাতা ।।

ময়মনসিংহ, ২১শে জানুয়ারী।– ময়মনসিংহ জেলায় বিনামূল্যে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণের জন্য ৫ লাখ ৮৫ হাজার সেট পাঠ্য পুস্তক বরাদ্দ করা হয়েছে।

জানা গেছে, জেলার ১২টি উপজেলায় ১২শ ৪৪টি সরকারী ও ৩ শ' বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিশু শ্রেণী থেকে ৫ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের মধ্যে এসব পাঠ্য পুস্তক বিতরণ করা হবে। ১লা জানুয়ারী থেকে বিতরণ কাজ শুরু হবে এবং ১৫ই জানুয়ারীর মধ্যে বিতরণ কাজ শেষ করা হবে।